তোমার   নাম জানি নে, সুর জানি।
তুমি   শরৎ-প্রাতের আলোর বাণী॥
সারা বেলা শিউলিবনে   আছি মগন আপন মনে,
কিসের ভুলে রেখে গেলে   আমার   বুকে ব্যথার বাঁশিখানি॥
আমি   যা বলিতে চাই হল বলা
ওই   শিশিরে শিশিরে অশ্রু-গলা।
আমি   যা দেখিতে চাই প্রাণের মাঝে
সেই মুরতি এই বিরাজে—
ছায়াতে-আলোতে-আঁচল-গাঁথা
আমার   অকারণ বেদনার বীণাপাণি॥

---

Parjaay: Prakriti / Sharat, Taal: Dadra, Raag: Bhairavi
Visit www.geetabitan.com for notation and other detail